

প্রখ্যাত নৃবিজ্ঞানী বৈদ্যনাথ সরস্বতীর
স্মরণে তৃতীয় স্মারক বক্তৃতার
আয়োজন করল বিদ্যাসাগর
বিশ্ববিদ্যালয়ের নৃবিজ্ঞান বিভাগ।
ভারত সরকারের সংস্কৃতি মন্ত্রণালয়ের
ইন্দিরা গান্ধী জাতীয় শিল্পকলা কেন্দ্রের
পৃষ্ঠপোষকতায় এই অনুষ্ঠানের
আয়োজন করা হয় বৃহস্পতিবার। এ পি
জে আব্দুল কালাম হলে যার আনুষ্ঠানিক

স্মারক বক্তৃতা

উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের
উপাচার্য দীপককুমার কর। তিনি বলেন,
'অধ্যাপক বৈদ্যনাথ সরস্বতী ছিলেন
এক জন বিরল ধরনের সমাজবিজ্ঞানী।
তিনি ভারতীয় জ্ঞান ব্যবস্থার অধ্যয়নের
পথিকৃৎ।' বৈদ্যনাথ সরস্বতী সম্পর্কে

বক্তব্য রাখেন বিভাগীয় প্রধান সুমহান
বন্দ্যোপাধ্যায়ও। যার শিরোনাম
ছিল, 'ইনজেনিয়াস অলটারনেটিভ,
ইন্ডিয়া: অ্যানথ্রোপলজি অফ বৈদ্যনাথ
সরস্বতী'। এ দিনের স্মারক বক্তৃতায়
উপস্থিত ছিলেন অধ্যাপক পরেশ
চৌধুরী, অধ্যাপক ওঙ্কার প্রসাদ প্রমুখ।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত
ছিলেন ড. কুমার সঞ্জয় বাঁ।